

## সকল সরকারি-বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ

### ■ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা (শিক্ষাবর্ষ ২০১২-১৩) :

- (ক) যারা ২০০৯/২০১০ ইং সনের এস.এস.সি এবং ২০১১/২০১২ সালে (পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ) এইচ.এস.সি পরীক্ষায় পাস করেছে।  
 (খ) S.S.C ও H.S.C এই দুই পরীক্ষায় জিপিএ দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০০ থাকতে হবে। এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম নয়।  
 (গ) উপজাতীয় এবং কোটাভুক্ত আসনের প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৭.০০ এবং এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম নয়।  
 (ঘ) H.S.C পরীক্ষায় জীববিজ্ঞানে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

### ■ ভর্তি পরীক্ষার নিয়ম, বিষয়, ধরন, নির্ধারিত নম্বর ও সময় :

বিষয়	প্রশ্ন সংখ্যা	ধরন	নম্বর	সময়
পদার্থবিদ্যা	২০টি	M.C.Q.	১০০ নম্বর (প্রতিটি প্রশ্নের জন্য ১ নম্বর)	১ঘন্টা
রসায়নবিদ্যা	২৫টি			
জীববিদ্যা	৩০টি			
ইংরেজী	১৫টি			
সাধারণ জ্ঞান	১০টি			

M.C.Q. তে প্রতি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয় এবং এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তিরত ছাত্র ছাত্রীদের জন্য ৫.০০ নম্বর কাটা হয়।

### ■ মেডিকেল কলেজ ও আসন সংখ্যা :

মেট মেডিকেল	সর্বমোট আসন	ঢাকা, সলিমুল্লাহ, ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট বরিশাল, রংপুর, রাজশাহী মেডিকেল	সোহরাওয়ার্দী, বগুড়া, খুলনা, দিনাজপুর মেডিকেল কলেজ	কুমিল্লা, ফরিদপুর মেডিকেল কলেজ	পাবনা, নোয়াখালী, যশোর কক্সবাজার মেডিকেল কলেজ	সাতক্ষিরা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া গোপালগঞ্জ মেডিকেল কলেজ
২২টি	২৭৩৬টি	প্রতিটিতে ১৯৩টি করে সর্বমোট ১৫৪৪টি	প্রতিটিতে ১৩৮টি করে সর্বমোট ৫৫২টি	প্রতিটিতে ১১০টি করে সর্বমোট ২২০টি	প্রতিটিতে ৫৫টি করে সর্বমোট ২২০টি	প্রতিটিতে ৫০টি করে সর্বমোট ২০০টি

### ■ ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট এর আসন সংখ্যা:

সর্বমোট আসন	ঢাকা ডেন্টাল কলেজ	চট্টগ্রাম মেডিকেল কলেজ (ডেন্টাল ইউনিট)	রাজশাহী মেডিকেল কলেজ (ডেন্টাল ইউনিট)	শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ (ডেন্টাল ইউনিট)	নোট
২৬৫টি	১০৫টি	৫৫টি	৫৫টি	৫০টি	সর্বশেষ সলিমুল্লাহ, ময়মনসিংহ, সিলেট, বরিশাল, রংপুর মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে শিক্ষার্থী ভর্তি করা হয়।

■ সংরক্ষিত আসন: ৩টি পার্বত্য জেলার উপজাতীয়/স্ন উপজাতীয় (১২টি) এবং অন্যান্য জেলার স্ন উপজাতীয় (৮টি) প্রার্থীদের জন্য সর্বমোট ২০(বিশ)টি আসন সংরক্ষিত থাকে। এছাড়া মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য মোট আসনের ২% অর্থাৎ ৫৫টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকে। বিডিএস কোর্সে মোট সংরক্ষিত আসন ১৫টি।

### ■ ভর্তি পরীক্ষার ফলাফল নির্ণয়ের পদ্ধতি :

লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের সাথে S.S.C. এর জিপিএ কে ৮ দ্বারা এবং H.S.C. এর জিপিএ কে ১২ দ্বারা গুণ করে যোগ করে মেধা তালিকা প্রকাশ করা হয়ে থাকে। মেধা কোটায় ৮০% ও জেলা কোটায় ২০% প্রার্থী নির্বাচন করা হয়। ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল ও প্রার্থীর দেওয়া কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হইবার সুযোগ পাইবে তা নির্ধারণ করা হয়ে থাকে।

■ গত বছর ভর্তি পরীক্ষার সময়সূচী : ৩০ সেপ্টেম্বর, ২০১১ ইং।

■ ওয়েবসাইট : [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd)

## আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ

### ■ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা:

২০০৯ অথবা ২০১০ সালে এসএসসি এবং ২০১১ অথবা ২০১২ সালে বিজ্ঞান বিভাগ থেকে এইচ.এস.সি পাশ হতে হবে এবং উভয় পরীক্ষার মোট জিপিএ ৮.০০ এবং প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে। এইচ.এস.সি তে জীববিজ্ঞানে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

### ■ ভর্তি পরীক্ষার বিষয়সমূহ, প্রশ্নসংখ্যা, নম্বর, প্রশ্নের ধরন ও সময় :

বিষয়	প্রশ্নসংখ্যা	ধরন	নম্বর	সময়
পদার্থ	৩০	MCQ	৩০	১ ঘন্টা (প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে)
রসায়ন	৩০		৩০	
জীববিদ্যা	৩০		৩০	
ইংরেজি	১০		১০	

৩। ভর্তি পরীক্ষার ফলাফল নির্ণয়ের পদ্ধতি : লিখিত পরীক্ষা (MCQ) এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের মেধা অনুযায়ী মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধাক্রম করা হবে।

(i) ১০০ নম্বরের লিখিত পরীক্ষা।

(ii) এসএসসি ও এইচএসসির জিপিএ কে যথাক্রমে ৮ ও ১২ দ্বারা গুণ করা হবে।

৪। গত বছর ভর্তি পরীক্ষার তারিখ : ০৭ অক্টোবর ২০১১।

৫। ওয়েবসাইট : [www.afmcbd.com](http://www.afmcbd.com)